গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
নেত্রকোণা সদর, নেত্রকোণা
acl.netrokonasadar.netrokona.gov.bd

বিষয় : উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির কার্যবিবরণী
সভাপতি : জনাব তানিয়া তাবাসসুম
উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসার এর সম্মেলন কক্ষ
সভার তারিখ ও সময় : ০৩.০৩.২০২৪ খ্রিঃ সময়ঃ বেলা ০১.০০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। প্রথমে তিনি বিগত সভার কার্যবিবরণী পাঠ করার জন্য সহকারী কমিশনার (ভূমি), নেত্রকোণা সদর, নেত্রকোণাকে নির্দেশ প্রদান করেন। কার্যবিবরণী পাঠান্তে কোনরূপ সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে দৃঢ়িকরণ ও অনুমোদন করা হয়। তিনি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সভাকে অবহিত করেন যে, বিগত ১৫.০১.২০২৪ তারিখের ৩১.৪৫০.৭২৭৪.০০৫.৪৩.০০১.২০-৭২(১) নং স্মারকে ২০.০০ (বিশ) একর পর্যন্ত ০৯ (নয়) টি জলমহাল ইজারা প্রদানের নিমিত্ত আবেদনপত্র আহবান/বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। আবেদনপত্র দাখিলের জন্য ০৯ মাঘ ১৪৩০ হতে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ নির্ধারণ করা হয়। নির্ধারিত তারিখে ০৯ (নয়) টি জলমহালের বিপরীতে ১২ (বার) টি আবেদন পাওয়া যায়। অত:পর বিগত ২৯.০২.২০২৪ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই বাছাই পূর্বক সদস্য সচিব দরপত্র সমূহ অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | জলমহলের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১. | রাঙ্গামাটি হরিখালি খাল বদ্ধ জলমহাল | এ জলমহাল ইজারা পাওয়ার জন্য রাঙ্গামাটি হরিখালি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রামঃ হরিখালী বাজার, ডাকঘরঃ নেত্রকোণা, নেত্রকোণা সদর, ০১ (এক) টি আবেদন দাখিল করেন। | রাঙ্গামাটি হরিখালি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ১২,৬৭৮/-(বার হাজার ছয় শত আটাত্তর) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২. | বাইশধার নীম খাল বদ্ধ জলমহাল | এ জলমহাল ইজারা পাওয়ার জন্য বেতাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম: বেতাটি, নেত্রকোণা সদর, ০১ (এক) টি আবেদন দাখিল করেন। | বেতাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ৩,৩০৭/-(তিন হাজার তিন শত সাত) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৩. | সাগর দিঘী | এ জলমহাল ইজারা পাওয়ার জন্য শাপলা মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম: বলনিয়া, ডাকঘর: বুড়িজুড়ি, নেত্রকোণা সদর, ০১ (এক) টি আবেদন দাখিল করেন। | শাপলা মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ৮৩,২৩৮/-(তিরাশি হাজার দুই শত আটত্রিশ) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৪. | গড়কান্দা বিল | এ জলমহাল ইজারা পাওয়ার জন্য পুকুরিয়া উদীয়মান মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম: পুকুরিয়া, নেত্রকোণা সদর, ০১ (এক) টি আবেদন দাখিল করেন। | পুকুরিয়া উদীয়মান মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ৭,৮৭৫/-(সাত হাজার আট শত পঁচাত্তর) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৫. | বাশাটি পুকুর | এ জলমহাল ইজারা পাওয়ার জন্য বাশাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম: বাশাটি, ডাকঘর: দক্ষিন বিশিউড়া, নেত্রকোণা সদর, ০১ (এক) টি আবেদন দাখিল করেন। | বাশাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ৩,৬৭৫/-(তিন হাজার ছয় শত পঁচাত্তর) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | | এ জলমহাল ইজারা পাওয়ার জন্য বেতাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম: বেতাটি, নেত্রকোণা সদর, ০১ (এক) টি আবেদন দাখিল করেন। | বেতাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ৫,২৫০/-(পাঁচ হাজার দুই শত পঞ্চাশ) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৭. | ময়মনসিংহ বুহী | (ক) এ জলমহাল ইজারা পাওয়ার জন্য শাপলা মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, গ্রাম: বলনিয়া, ডাকঘর: বুড়িজুড়ি, নেত্রকোণা সদর, আবেদন দাখিল করেন। | (ক) শাপলা মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ১৫,০০০/-(পনের হাজার ) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | (খ) এ জলমহাল ইজারা পাওয়ার জন্য ময়মনসিংহ বুহী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম: ময়মনসিংহ বুহী, ডাকঘর: সিংহের বাংলা, নেত্রকোণা সদর, আবেদন দাখিল করেন। | (খ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(১) নীতি অনুযায়ী নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।<br>শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ২ নীতি অনুযায়ী ময়মনসিংহ বুহী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর ০৪ (চার) জন সদস্য প্রকৃত মৎস্যজীবি নয়। সেহেতু ময়মনসিংহ বুহী মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর আবেদন যোগ্য হবে না বলে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৮. | চাকুয়া বিল | (ক) এ জলমহাল ইজারা পাওয়ার জন্য বলনিয়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম: বলনিয়া, ডাকঘরঃ বুড়িজুড়ি, নেত্রকোণা সদর, আবেদন দাখিল করেন। | (ক) বলনিয়া মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ১,২৫,০০০/-(এক লক্ষ পঁচিশ হাজার ) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| | | (খ) এ জলমহাল ইজারা পাওয়ার জন্য হাইলোরা কুতুবপুর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম: হাইলোরা কুতুবপুর, ডাকঘর: অনন্তপুর, নেত্রকোণা সদর, আবেদন দাখিল করেন। | (খ) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৫(১) নীতি অনুযায়ী, নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি বা সমবায় অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন, কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।<br>শর্ত থাকে যে, উক্ত সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতিত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন, তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ২ নীতি অনুযায়ী হাইলোরা কুতুবপুর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর ০১ (এক) জন সদস্য প্রকৃত মৎস্যজীবি নয়। সেহেতু হাইলোরা কুতুবপুর মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ এর আবেদন যোগ্য হবে না বলে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৯. | সতরকোণা | (ক) এ জলমহাল ইজারা পাওয়ার জন্য বেতাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম: বেতাটি, নেত্রকোণা সদর, আবেদন দাখিল করেন। | (ক) সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৬(৪) এর নীতি অনুযায়ী কোন মৎস্যজীবি সমবায় সমিতি দুইটির অধিক জলমহল ইজারা/বন্দোবস্ত পাবেন না। যেহেতু, বেতাটি মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ দুইটির বেশী আবেদন করেছেন বিধায় উক্ত সমিতি ইজারা পাবার যোগ্য হবে না বলে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

CamScanner
CamScanner

| | | |
|---|---|---|
| | (খ) এ জলমহাল ইজারা পাওয়ার জন্য যোগারপাড় মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ গ্রাম: যোগারপাড়, ডাকঘরঃ তাতিয়র, নেত্রকোণা সদর, আবেদন দাখিল করেন। | (খ) যোগারপাড় মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ, নেত্রকোণা সদর, নেত্রকোণা কর্তৃক দাখিলকৃত কাগজপত্র যথাযথ থাকায় জলমহলটি ১৪৩১-১৪৩৩ বাংলা সাল পর্যন্ত ০৩(তিন) বছর মেয়াদে উক্ত সমিতির অনুকূলে বার্ষিক ৩,৩০৭/-(তিন হাজার তিন শত সাত ) টাকা ইজারা মূল্য এবং এতদ্বসংগে বিধি মোতাবেক ভ্যাট ও উৎস কর পরিশোধের শর্তে ইজারা প্রদানের জন্যে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩.০৩.২০২৪
(তানিয়া তাবাসসুম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং- ৩১.৪৫.৭২৭৪.০০১.০০.০০৬.২২- ১৮০৫(২)

তারিখঃ ০৩.০৩.২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় জন্য প্রেরণ করা হলোঃ-
১। মাননীয় সংসদ সদস্য-১৬২, নেত্রকোণা-২, ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।
২। জেলা প্রশাসক, নেত্রকোণা।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ-
১। উপজেলা .............................. অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
২। চেয়ারম্যান ......................... ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৩। জনাব / জনাবা ......................... সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটি, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা .......................... .. ইউনিয়ন ভূমি অফিস (সকল), নেত্রকোণা সদর, নেত্রকোণা।
৫। অফিস কপি।

০৩/০৩/২৪
(আকলিমা আক্তার)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা
acl.netrokonasadar.netrokona.gov.bd

CamScanner